**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**
**www.acc.org.bd**

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০১.২১- ১৭৬২৩ তারিখ: ২১/০৫/২০২২

## <u>নিয়োগ বিজ্ঞপ্তি</u>

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে উল্লিখিত বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|
| ১. | কোর্ট পরিদর্শক<br>বেতনক্রম: টাকা ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ১৩টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা এলএলবি ডিগ্রি। | সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ২. | গাড়িচালক<br>বেতনক্রম: টাকা ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ২৬টি | কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ মাধ্যমিক স্কুল বা সমমানের সার্টিফিকেটসহ হালকা এবং ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, জামালপুর, নোয়াখালী, সিরাজগঞ্জ, মাগুরা, নড়াইল, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী |
| ৩. | কনস্টেবল<br>বেতনক্রম: টাকা ৯,০০০-২১,৮০০/- (গ্রেড-১৭) | ১২৫টি | কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, পিরোজপুর ও বরগুনা |

**<u>আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:</u>**

১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি দুর্নীতি দমন কমিশনের www.acc.org.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

৩। আবেদনকারীর বয়স ০১ জুন ২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর এবং ০১ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

৪। অনলাইনে আবেদন করার সময় বিভাগীয় প্রার্থী কর্তৃক Departmental Candidate-এর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই নির্দিষ্ট ঘর পূরণ করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তি গ্রহণ করতে হবে এবং অনাপত্তির মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে অবশ্যই প্রদর্শন করতে হবে;

৫। নিয়োগের ক্ষেত্রে সরকার এবং কমিশনের বিদ্যমান ও পরিবর্তিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে;

৬। ক্রমিক নং ০১-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষা ফি হিসেবে ৩০০/- (তিনশত) টাকা, ক্রমিক নং ০২-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ০৩-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ৫০/- (পঞ্চাশ) টাকা আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি অনুসরণ করে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে;

৭। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

১০। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে দাখিল করতে হবে;

১১। **আবেদন পূরণ সংক্রান্ত তথ্যাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীকে Online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://acc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে Online-এ আবেদন পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ০১ জুন ২০২২ সকাল ১০:০০ টা;

(২) Online-এ আবেদন ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫ জুন ২০২২ সন্ধ্যা ৬:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য×প্রস্থ) ৩০০×৮০ pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য×প্রস্থ) ৩০০×৩০০ pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন;

(গ) যেহেতু Online আবেদনে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কেও প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদন Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক নং ০১-এ বর্ণিত প্রার্থীদের পরীক্ষা ফি হিসেবে ৩০০/- (তিনশত) টাকা, ক্রমিক নং ০২-এ বর্ণিত পদের প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ০৩-এ বর্ণিত প্রার্থীদের পরীক্ষার ফি হিসেবে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও ৭২ ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না";

প্রথম SMS: ACC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: ACC <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন। এই Passwordটি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইট (www.acc.org.bd) ও (http://acc.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Downloadপূর্বক Print (সম্ভব হলে রঙিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

(১) User ID জানা থাকলে ACC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: ACC Help User ABCDEF & Send to 16222.

(২) PIN Number জানা থাকলে: ACC<space>Help<space>PIN<space> PIN No & Send to 16222.

Example: ACC Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদন পূরণের নিয়মাবলি, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট www.acc.org.bd-এ পাওয়া যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও দুর্নীতি দমন কমিশন এর **www.acc.org.bd** ওয়েবসাইটে অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **http://acc.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: ACC, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১২। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(খ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৩। **নির্বাচন পদ্ধতি:**

(ক) **বাছাই পরীক্ষা:** প্রাপ্ত দরখাস্ত বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদেরকে ১০০ নম্বরের প্রাথমিক বাছাই পরীক্ষার জন্য আহ্বান করা হবে। প্রাথমিক বাছাইয়ে যে সকল প্রার্থী যোগ্য বলে বিবেচিত হবে তাদেরকে লিখিত পরীক্ষার জন্য আহ্বান করা হবে।

(খ) **লিখিত পরীক্ষা:** নিম্নলিখিত ০৩টি বিষয়ের উপর মোট ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

পরীক্ষার সিলেবাস ও মানবণ্টন নিম্নরূপ:

নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য-

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈর্ব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি<br>(বাংলা ও ইংরেজি) | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক<br>(লিখিত) | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট= ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলি ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক<br>(লিখিত) | ৫০<br>৫০<br>মোট= ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ক) লিখিত (তাত্ত্বিক)<br>খ) ব্যবহারিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |

১) ১০০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য দুই ঘণ্টা ও ৫০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য ১ ঘণ্টা সময় নির্ধারিত থাকবে।

২) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করতে হবে।

৩) কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে ব্যবহারিক ও ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

<u>নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ০২ নং ক্রমিকের পদের জন্য:</u>

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় | নৈর্ব্যক্তিক/রচনামূলক | মান বন্টন |
|---|---|---|---|
| ০১। | বাংলা ও ইংরেজি | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৩০+৩০=৬০<br>২০+২০=৪০<br>মোট= ১০০ |
| ০২। | চলতি ঘটনাবলি ও সাধারণ জ্ঞান | ক) রচনামূলক<br>খ) নৈর্ব্যক্তিক | ৫০<br>৫০<br>মোট= ১০০ |
| ০৩। | কম্পিউটার (মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ব্রাউজিং ইত্যাদি) | ক) লিখিত (তাত্ত্বিক)<br>খ) ব্যবহারিক (মুদ্রাক্ষর গতি, সাঁটলিপি) | ৫০<br>৫০<br>মোট= ১০০ |

(১) প্রত্যেক বিষয়ের ১০০ নম্বরের পরীক্ষার জন্য দুই ঘন্টা সময় নির্ধারিত থাকবে।
(২) প্রত্যেক বিষয়ে পরীক্ষার পাশ নম্বর ৫০% হবে। প্রতিটি বিষয়ে পৃথকভাবে পাশ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
(৩) গাড়িচালক পদের প্রার্থীদের কম্পিউটার বিষয়ের ১০০ নম্বরের পরিবর্তে ১০০ নম্বরের ফিল্ড টেস্ট গ্রহণ করা হবে।

(গ) **<u>মৌখিক পরীক্ষা:</u>** লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের বাছাইয়ের জন্য গঠিত কমিটি কর্তৃক ৫০ নম্বরের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১৪। ক্রমিক নং ৩-এ বর্ণিত কনস্টেবল পদে নিয়োগ পরীক্ষার মান বণ্টন ও শারীরিক মাপ:

| ক্রমিক নম্বর | বিষয় | পূর্ণমান | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা (এমসিকিউ)<br>[বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, গণিত বিষয়ে] | ৭০ | ৩০ মিনিট |
| ২. | মৌখিক পরীক্ষা | ৩০ | - |
| | মোট= | ১০০ | |

**<u>শারীরিক যোগ্যতা:</u>**

| | |
|---|---|
| উচ্চতা | পুরুষ: ১৬৮ সেঃ মিঃ, নারী: ১৬১ সেঃ মিঃ |
| ওজন | উচ্চতার সাথে সামঞ্জস্যপূর্ণ (বিএমআই ১৮.৫-২৫) |
| দৃষ্টিশক্তি | ৬/৬ (চশমা গ্রহণযোগ্য নয়) |

১৫। **<u>বিবিধ:</u>**

(ক) মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (৩) প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৪) জাতীয় পরিচয়পত্র (আবশ্যিক)/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে। তাছাড়া চাকুরীরত ব্যক্তিদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং ক্ষুদ্র প্রতিবন্ধী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;

(খ) পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৫/২২
মহাপরিচালক (প্রশাসন)
দুর্নীতি দমন কমিশন